বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 09 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 7

২৭

079

*তথ্যমন্ত্রী মাহবুব ঃ*

# জাতি এরশাদের মাঝে নেতা ও নির্মাতাকে পেয়েছে

চৌমুহনী, ৮ই নবেম্বর (বাসস)।—তথ্যমন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, জাতি প্রেসিডেন্ট এরশাদের মাঝে একজন কর্মী মানুষ, নেতা, সংস্কারক ও নির্মাতা খুঁজে পেয়েছে।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## নির্মাতাকে পেয়েছে

(১-এর পৃঃ পর)

তিনি আজ চৌমুহনী কলেজ চত্বরে নবনির্মিত বহুতল ছাত্রী-নিবাস ভবন উদ্বোধন করছিলেন।

মন্ত্রী জানান, এই কলেজ পরিদর্শনকালে প্রেসিডেন্ট এরশাদ কর্তৃপক্ষকে কলেজ চত্বরে একটি ছাত্রী নিবাস তৈরি করতে বলেছিলেন।

জনাব মাহবুব বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকার তার সকল প্রতিশ্রুতি পূরণ করেছেন এবং নতুন ছাত্রী নিবাস নির্মাণ এর আরেকটি প্রমাণ।

পরে, কলেজের ছাত্র ও শিক্ষক এবং স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গের এক বিরাট সভায় বক্তৃতাকালে মন্ত্রী শৃংখলা ও নিষ্ঠার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য তাদের প্রতি আহ্বান জানান।

তিনি সরকারী সম্পত্তির যথাযথ যত্ন ও রক্ষণাবেক্ষণের ব্যাপারে সজাগ থাকার জন্যেও তাদের প্রতি আহবান জানান।

জনাব মাহবুব শিক্ষক নিয়োগ অনার্স কোর্স চালু এবং ছাত্রাবাস মেরামতসহ কলেজের অন্যান্য অভাব-অভিযোগ পূরণের আশ্বাস দেন। তবে, তিনি বলেন, এ সবকিছুর লক্ষ্য হতে হবে শিক্ষার মানোন্নয়ন—যা ছাত্র ও শিক্ষকদের যৌথ প্রচেষ্টার মাধ্যমে অর্জন করা যেতে পারে।

এর আগে সকালে মন্ত্রী নোয়াখালী সরকারী মহিলা কলেজের এক অনুষ্ঠানে বক্তৃতাকালে নারী শিক্ষার প্রয়োজনের ওপর গুরুত্ব আরোপ করেন।

তিনি জনসংখ্যা বৃদ্ধি ও অপরিকল্পিতভাবে পরিবার সম্প্রসারণ কার্যকরভাবে রোধ করার প্রয়োজনের ওপরও গুরুত্ব আরোপ করেন।